# জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো




জেলা পর্যায়ের অফিসের

## সেবা প্রোফাইল

**District Level Offices'**

## Service Profile

মন্ত্রিপরিষদ বিভাগ । জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো । এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়

# জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

জেলা পর্যায়ের অফিসের

## সেবা প্রোফাইল

District Level Offices'

## Service Profile

**মন্ত্রিপরিষদ বিভাগ**
**জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো**
**এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়**

দপ্তর/সংস্থার নাম : জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
জেলা অফিসের নাম : জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস

# জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

## জেলা পর্যায়ের অফিসের

## সেবা প্রোফাইল


**স্বত্ব©২০১৫**

মন্ত্রিপরিষদ বিভাগ, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো এবং এটুআই



**প্রথম প্রকাশ:**

জুন, ২০১৫

**প্রকাশনা:**

মন্ত্রিপরিষদ বিভাগ

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়

**তত্ত্বাবধান:**

মোঃ নজরুল ইসলাম, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ

বেগম শামছুন্নাহার, মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২, কাকরাইল, ঢাকা-১০০০

কবির বিন আনোয়ার, প্রকল্প পরিচালক, এটুআই ও মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়

**পরিকল্পনা ও গবেষণাঃ**

মোহাম্মদ লুৎফুর রহমান, ডোমেইন স্পেশালিস্ট, এটুআই

**প্রণয়নঃ**

মোঃ রেজওয়ানুল হক চৌধুরী, সহকারী পরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ঢাকা

মোঃ রফিকুল ইসলাম, সহকারী পরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ঢাকা

পাপ্পু মজুমদার, ওয়েব পেজ ডিজাইনার/ডেভেলপার, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ঢাকা

**সম্পাদনাঃ**

আনীর চৌধুরী, পলিসি অ্যাডভাইজর, এটুআই

ড. মোঃ আব্দুল মান্নান, পরিচালক, এটুআই

মোহাম্মদ লুৎফুর রহমান, ডোমেইন স্পেশালিস্ট, এটুআই

মোহাম্মদ হোসেন সরকার, কনসালটেন্ট, এটুআই

মোঃ ফিরোজ কবীর, কনসালটেন্ট, এটুআই

মোঃ মামুন কবীর, উপজেলা সমবায় অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়

**সহযোগিতাঃ**

কে এ এম মোর্শেদ, অ্যাসিস্ট্যান্ট কান্ট্রি ডিরেক্টর, ইউএনডিপি

আফতাব আহমদ, প্রোগ্রাম অ্যানালিস্ট, ইউএনডিপি

মিজানুর রহমান, এডমিন স্পেশালিস্ট, এটুআই

নাঈমুজ্জামান মুক্তা, জনপ্রেক্ষিত বিশেষজ্ঞ, এটুআই

ফরহাদ জাহিদ শেখ, আইটি ম্যানেজার, এটুআই

জোবায়ের আলম, প্রকল্প সহকারী, এটুআই

ফারাবি তারান্নুম, প্রকল্প সহকারী, এটুআই

**প্রচ্ছদ পরিকল্পনা ও সমন্বয়ঃ**

এরশাদুল হামিদ পাভেল, কমিউনিকেশন এসোসিয়েট

এবং কমিউনিকেশন অ্যান্ড পার্টনারশীপ টিম, এটুআই

**ডিজাইন ও মুদ্রণঃ** রিয়েল প্রিন্টিং অ্যান্ড অ্যাডভারটাইজিং

কে আর প্লাজা, ৩১ পুরানা পল্টন, ফোনঃ ০২-৯৫১৩২৪৮

# মুখবন্ধ

সেবাপ্রত্যাশী নাগরিকদের চাহিদা পূরণের লক্ষ্যে ২০০০ সালে জনপ্রশাসন সংস্কার কমিশন (Public Administration Reform Commission-PARC) সরকারি সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহে নাগরিক সনদ প্রণয়ন ও বাস্তবায়নের সুপারিশ করে। নাগরিক সনদ প্রবর্তনের অন্যতম প্রধান উদ্দেশ্য ছিল সেবাগ্রহীতাদেরকে প্রাপ্য সেবা সম্পর্কে অবহিত করা। সেবা গ্রহণের ক্ষেত্রে সরকারি সেবাপ্রাপ্তির সময়, ব্যয় এবং সেবা প্রদানকারী অফিসে সেবাগ্রহীতার গমন সংখ্যা (Time, Cost & Visit-TCV) গুরুত্বপূর্ণ বিবেচ্য বিষয়। সচিবালয় নির্দেশমালা, ২০১৪-তে তথ্য-প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে নাগরিকবান্ধব সেবা প্রদানের ওপর বিশেষ গুরুত্বারোপ করা হয়েছে। উক্ত নির্দেশমালায় সেবা পদ্ধতি সহজিকরণ (Service Process Simplification-SPS) অন্তর্ভুক্ত করা হয়েছে, যা সেবার মানোন্নয়নে সরকারি কর্মকর্তাদেরকে উদ্বুদ্ধ করবে।

সুশাসনের অন্যতম পূর্বশর্ত হচ্ছে সরকারি প্রতিষ্ঠানগুলোকে সেবা প্রদানে সক্ষম ও গতিশীল করা এবং তাদের দায়বদ্ধতা নিশ্চিত করা। তথ্য অধিকার আইন, ২০০৯ কার্যকর হওয়ার পর সরকারি সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের সেবা সম্পর্কিত তথ্য প্রদানের বাধ্যবাধকতার সৃষ্টি হয়েছে। এসব বিবেচনায় জনসন্তুষ্টি অর্জনের লক্ষ্যে সরকারি দপ্তরের সেবাসমূহের বিস্তারিত তথ্যাবলি একই স্থানে (Single Access Point) সন্নিবেশ ও বিশ্লেষণ করার জন্য 'সেবা প্রোফাইল' প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়। এই প্রোফাইলে প্রতিটি সরকারি দপ্তরের পরিচিতি, কার্যপরিধি, সাংগঠনিক কাঠামো, সেবা প্রদান পদ্ধতি, সেবা প্রদানের সময়, সেবাপ্রাপ্তির স্থান, সেবা পেতে প্রয়োজনীয় কাগজপত্র, সেবা প্রদানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আনুষঙ্গিক খরচ, সেবা প্রদান সম্পর্কিত বিধিবিধান এবং সেবা না পেলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা সম্পর্কে বিস্তারিত তথ্য সংযোজন করা হয়েছে, যা সরকারি সেবা তথ্য সরবরাহের ক্ষেত্রে একটি মাইলফলক।

এ সেবা প্রোফাইল প্রণয়নের সঙ্গে সম্পৃক্ত মন্ত্রিপরিষদ বিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো এবং এটুআই প্রোগ্রামের সকল কর্মকর্তাকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। এই বইটি সরকারি সেবা প্রদান পদ্ধতি সম্পর্কে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের ধারণাকে আরও স্বচ্ছ করবে এবং সেবা পদ্ধতি সহজ করতে তাদেরকে উদ্বুদ্ধ করবে। সবচেয়ে বড় কথা, সেবাগ্রহীতাগণের জন্য বইটি বিশেষ উপকারে আসবে বলে আমি বিশ্বাস করি।

**মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা**
মন্ত্রিপরিষদ সচিব

# ভূমিকা

বিশ্বায়নের এ যুগে অপরাপর দেশের সাথে তাল মিলিয়ে প্রত্যাশিত মানের সেবা প্রদানের মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠায় আমরা প্রতিশ্রুতিবদ্ধ। জনসেবা নিশ্চিতকরণের মাধ্যমে জনসন্তুষ্টি বিধান এবং নাগরিক সেবার প্রতিশ্রুতিস্বরূপ বর্তমান সরকার ২০০৯ সাল থেকে সরকারি অফিসসমূহে সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) প্রণয়ন এবং এর বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করে। এছাড়া, সরকারি সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের সেবা সম্পর্কিত প্রয়োজনীয় তথ্য প্রদানের বাধ্যবাধকতা সৃষ্টির লক্ষ্যে তথ্য অধিকার আইন, ২০০৯ কার্যকর করা হয়। মে, ২০১৪ সালে তথ্য কমিশন কর্তৃক স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা জারি করা হয়েছে। উল্লিখিত উদ্যোগসমূহ জনগণের কাছে সরকারি প্রতিষ্ঠানসমূহের জবাবদিহিতা এবং স্বচ্ছতা প্রতিষ্ঠার পাশাপাশি সেবার মান উন্নীতকরণে ইতোমধ্যেই অবদান রাখতে শুরু করেছে।

রূপকল্প-২০২১ এর লক্ষ্যসমূহ অর্জনে একটি দক্ষ এবং জনবান্ধব প্রশাসনের বিকল্প নেই। এ কথা অনস্বীকার্য যে, তথ্য-প্রযুক্তির উৎকর্ষতা এবং আধুনিক প্রশিক্ষণের ফলে সরকারি দপ্তরে কাজের দক্ষতা এবং পরিধি বৃদ্ধি পেয়েছে, আবার শিক্ষায় প্রাগ্রসরতা ও জনসচেতনতা বৃদ্ধির সাথে জনপ্রত্যাশাও ক্রমান্বয়ে বেড়ে চলেছে। সরকারি বিভিন্ন সেবা প্রদানের ক্ষেত্রে বর্তমানে বিজ্ঞানভিত্তিক পদ্ধতি প্রয়োগের মাধ্যমে অহেতুক কালক্ষেপণ এবং কাজের জটিলতা হ্রাসে বিভিন্নমুখী উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সরকারি কাজে তথ্য-প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি এবং দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে সচিবালয় নির্দেশমালা, ২০১৪ জারি করা হয়েছে। সচিবালয় নির্দেশমালা, ২০১৪-এর ২৫৯-২৬২ নং নির্দেশনায় যথাক্রমে সেবা প্রদান প্রতিশ্রুতি, সেবা পদ্ধতি সহজিকরণ (Service Process Simplification), সেবা-ডেস্ক (Help Desk) স্থাপন এবং নাগরিক মতামত ব্যবস্থাপনার বিষয়সমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে।

কম খরচে, দ্রুত জনগণের দোরগোড়ায় সেবাসমূহ পৌঁছে দিতে প্রচলিত নাগরিক সেবা প্রদান পদ্ধতি সহজিকরণ প্রয়োজন। সহজ ও জনবান্ধব সেবা পদ্ধতি চালু করতে হলে বিদ্যমান পদ্ধতির ধাপগুলোর অনুপুঙ্খ বিশ্লেষণ জরুরি। এই বিশ্লেষণের মাধ্যমে প্রতিটি সেবার বাস্তব সমস্যা, প্রতিবন্ধকতা, পশ্চাৎগতি, পদ্ধতিগত শূন্যতা নির্ণয় করা যায়, যা সেবার মান উন্নয়নে কার্যকর ভূমিকা রাখতে পারে।

সেবা প্রদানে অধিকতর সম্পৃক্ততা বিবেচনায় উপজেলা পর্যায়ে দপ্তর রয়েছে এরূপ ২২টি অধিদপ্তর/সংস্থা এবং জেলা পর্যায়ে দপ্তর রয়েছে এরূপ ১৪টি অধিদপ্তর/সংস্থার সেবা প্রোফাইল প্রণয়ন প্রথম পর্যায়ে বিবেচনায় নেওয়া হয়েছে। সেবা প্রোফাইলে কোনো নির্দিষ্ট সেবা প্রদান পদ্ধতি, সেবা প্রদানে প্রয়োজনীয় সময় ও কাগজপত্র, সেবাপ্রাপ্তির স্থান, সেবা প্রদানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সেবা গ্রহণের আনুষঙ্গিক খরচ, সেবাসংশ্লিষ্ট বিধিবিধান এবং সেবা পেতে ব্যর্থ হলে কার কাছে প্রতিকার পাওয়া যাবে ইত্যাদি সম্পর্কে বিস্তারিত তথ্য রয়েছে। সেবা প্রোফাইল প্রণয়নে সংশ্লিষ্ট দপ্তরের বিশেষজ্ঞ কর্মকর্তাদের সমন্বয়ে পরিকল্পনা প্রণয়ন, তথ্য-উপাত্ত সংগ্রহ ও বিশ্লেষণ এবং সেমিনার, কর্মশালা ও মুখোমুখি আলোচনার মাধ্যমে পরামর্শ গ্রহণ করা হয়েছে। পরবর্তীতে প্রণীত 'খসড়া সেবা প্রোফাইল' টি জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর পরামর্শ ও মতামতের ভিত্তিতে চূড়ান্ত করা হয়েছে।

যাঁদের অক্লান্ত পরিশ্রম, নিষ্ঠা এবং আন্তরিকতার ফলে এই সেবা প্রোফাইল প্রণীত এবং প্রকাশিত হতে যাচ্ছে তাঁরা সবাই প্রশংসার দাবিদার। জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো ও এর আওতাধীন দপ্তরের বিষয় বিশেষজ্ঞ ও ইনোভেশন টিমের সদস্যগণের আন্তরিক সহযোগিতা ছাড়া এই প্রোফাইল প্রণয়ন দুঃসাধ্য ছিল। এই প্রোফাইল প্রণয়নে মন্ত্রিপরিষদ বিভাগ, ইউএনডিপি এবং ইউএসএইড'র কর্মকর্তাগণ মূল্যবান পরামর্শ ও সক্রিয় সহযোগিতা প্রদান করেছেন। এই সেবা প্রোফাইল তৈরিতে এটুআই প্রোগ্রামের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ নিরলসভাবে কাজ করেছেন, যার ফলে বাংলা ভাষায় প্রথমবারের মতো এ ধরনের পুস্তক প্রকাশিত হতে যাচ্ছে। যাঁরা বিভিন্ন সেমিনার, কর্মশালা এবং আলোচনায় মতামত দিয়ে এ পুস্তককে সমৃদ্ধ করেছেন তাঁদের প্রতিও কৃতজ্ঞতা রইল। এই সেবা প্রোফাইলে কোনো ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে বা কোনো পরামর্শ থাকলে তা sps@a2i.pmo.gov.bd ঠিকানায় ই-মেইল করার জন্য অনুরোধ করছি।

**মোঃ আবুল কালাম আজাদ**
মুখ্য সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয় ও সভাপতি
প্রজেক্ট স্টিয়ারিং কমিটি, এটুআই

# সেবা প্রোফাইলঃ জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

বাংলাদেশ বিশ্বের একটি শ্রমঘন উন্নয়নশীল দেশ। বর্তমান আর্থ-সামাজিক প্রেক্ষাপটে দেশের অভ্যন্তরে বিশাল কর্মক্ষম জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে বেকারত্ব নিরসন একটি দুরূহ কাজ। সুদক্ষ জনশক্তি দেশের সার্বিক উন্নয়ন নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। একটি উন্নয়নশীল দেশ হিসেবে উন্নয়নের গতিধারাকে আরও ত্বরান্বিত করার লক্ষ্যে দক্ষ জনশক্তি তৈরি করতে বর্তমান সরকার বদ্ধপরিকর। জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) তার প্রতিষ্ঠালগ্ন থেকে বর্তমান সময় পর্যন্ত বিশ্বের ১৫৯টি দেশে প্রায় ৮৭ লক্ষ জনশক্তির কর্মসংস্থানের বিষয়ে সহায়তা প্রদান করেছে। বিএমইটি'র মাধ্যমে জি টু জি পদ্ধতিতে খুবই কম খরচে মালয়েশিয়ায় কর্মী প্রেরণে বর্তমান সরকার নজিরবিহীন দৃষ্টান্ত স্থাপন করেছে।

বাংলাদেশ সরকারের রূপকল্প-২০২১ এর আলোকে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোকে প্রযুক্তিনির্ভর করে অধিকতর যুগোপযোগী করা হয়েছে। আধুনিক প্রযুক্তির মাধ্যমে বিদেশগামী দক্ষ জনশক্তি তৈরি, শ্রমবাজার অনুসন্ধান, স্বল্প ব্যয়ে অভিবাসন এবং অভিবাসন প্রক্রিয়া স্বচ্ছকরণের মতো কাজগুলো আধুনিকায়ন করা সম্ভব হয়েছে। জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর সেবা প্রোফাইল বইটি প্রণয়নে যাঁরা স্বতঃস্ফূর্তভাবে সহযোগিতা প্রদান করছেন তাঁদেরকে শুভেচ্ছা জানাই। জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর এ সেবা প্রোফাইলে জনগণের আশা-আকাঙ্ক্ষার সফল প্রতিফলন হবে এবং ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে প্রশংসনীয় ভূমিকা রাখবে বলে আমি দৃঢ় প্রত্যাশা ব্যক্ত করছি।

আমি এক্সেস টু ইনফরমেশন (এটুআই) প্রকল্পের উদ্যোগ সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ দপ্তরের সেবা কার্যক্রম বিষয়ক 'সেবা প্রোফাইল' প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

**ড. খোন্দকার শওকত হোসেন**
সচিব
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# Message

The Government of Bangladesh has undertaken various initiatives to link its citizens with public services, reducing the time and cost associated with accessing services and increasing the effectiveness and efficiency of public service delivery.

This Service Profile book aims to apprise citizens of the services being provided from public offices. It has been designed entirely with the citizen in mind, providing a single point for service information and further simplifying the process of accessing public services. The Service Profile explains in detail the relevant laws, the administrative process, the cost and the time required to avail public services currently being offered across 36 Directorates. Additionally, it provides practical information on service providing departments, including the scope of service that citizens can expect, the steps to obtaining a service, and the relevant contact information. It integrates the recent opportunities being offered through Information Communication Technology, including the provision of online and mobile e-services. By providing this Service Profile, the government is further empowering its citizens to initiate and accelerate the process of accessing the information and services available to them.

The Government of Bangladesh can be proud of its recent achievements in enhancing public service delivery to its citizens. A number of regional and global counterparts have expressed their desire to learn of the information-led developments occurring in Bangladesh. I am pleased with the support the Access to Information (A2I) project has provided, and this first ever Service Profile book is a testament to the tireless efforts of our government counterparts and project staff. I thank our partners for their ongoing commitment, particularly the US Agency for International Development.

I am sure this Service Profile book will facilitate local government in effectively responding to the demand of citizens and in the ongoing strengthening of public service delivery and reform of public administration.

**Pauline Tamesis**
Country Director
UNDP-Bangladesh

# সূচিপত্র

## অধ্যায়-১

১. জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো-প্রোফাইল ২
১.১ একনজরে প্রতিষ্ঠানের প্রোফাইল ২
১.২ জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো- পরিচিতি ২
১.৩ জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো- অর্গানোগ্রাম (সংক্ষিপ্ত) ৩
১.৪ জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো- কার্যপরিধি ৪
১.৫ একনজরে বিভাগীয় অফিস ৫
১.৬ বিভাগীয় অফিসের অর্গানোগ্রাম ৫
১.৭ একনজরে জেলা অফিস ৬
১.৮ জেলা অফিসের অর্গানোগ্রাম ৬

## অধ্যায়-২

২. নাগরিক-সেবার তথ্যাবলি ৮
২.১ নাগরিক- সেবার তালিকা (অধিদপ্তর/জেলা পর্যায়) ৮
২.২ নাগরিক- সেবার তথ্য সারণি ৯

## অধ্যায়-৩

৩. নাগরিক সেবার বিবরণ-সংবলিত প্রোফাইল ও প্রসেস ম্যাপ ১৬
৩.১ সেবার নাম: ফিঙ্গার প্রিন্ট সংবলিত স্মার্ট কার্ডের মাধ্যমে বহির্গমন ছাড়পত্র প্রদান ১৬
৩.১.১ সেবার প্রোফাইল ১৬
৩.১.২ প্রসেস ম্যাপ ১৭
৩.২ সেবার নাম: বিদেশগামী কর্মীদের কেন্দ্রীয় ডাটাবেজে নাম নিবন্ধন ১৮
৩.২.১ সেবার প্রোফাইল ১৮
৩.২.২ প্রসেস ম্যাপ ১৯
৩.৩ সেবার নাম: বিদেশগামী কর্মীদের প্রশিক্ষণের ব্যবস্থা করা ২০
৩.৩.১ সেবার প্রোফাইল ২০
৩.৩.২ প্রসেস ম্যাপ ২১
৩.৪ সেবার নাম: অনলাইনে অভিযোগ (www.ovijogbmet.org) গ্রহণ ও নিষ্পত্তি আদায় এবং আর্থিক সহায়তা প্রদান ২২
৩.৪.১ সেবার প্রোফাইল ২২
৩.৪.২ প্রসেস ম্যাপ ২৩
৩.৫ সেবার নাম: বিদেশে মৃত প্রবাসী কর্মীদের লাশ দেশে ফেরত আনাসহ বকেয়া ও ক্ষতিপূরণ আদায় এবং আর্থিক সহায়তা প্রদান ২৪
৩.৫.১ সেবার প্রোফাইল ২৪
৩.৫.২ প্রসেস ম্যাপ ২৫
৩.৬ সেবার নাম: প্রবাসীদের সন্তানদের জন্য শিক্ষা-বৃত্তি প্রদান ২৬
৩.৬.১ সেবার প্রোফাইল ২৬
৩.৬.২ প্রসেস ম্যাপ ২৭
**Acronyms and Abbreviations** ২৮
**সেবা প্রোফাইল বুকের তালিকা** ৩০

# অধ্যায় ১

## জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোঃ প্রোফাইল

- জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো পরিচিতি
- জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো কার্যপরিধি
- জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো সাংগঠনিক কাঠামো

# ১. জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো- প্রোফাইল

| ১.১ একনজরে প্রতিষ্ঠানের প্রোফাইল | | | | |
|---|---|---|---|---|
| **প্রতিষ্ঠানের নাম** | **বাংলা** | জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো | | |
| | **ইংরেজি** | BUREAU OF MANPOWER, EMPLOYMENT & TRAINING (BMET) | | |
| | **সংক্ষিপ্ত** | বিএমইটি (BMET) | | |
| **অফিস প্রধানের পদবি** | মহাপরিচালক | **নিয়ন্ত্রণকারী বিভাগ/মন্ত্রণালয়** | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | |
| **বিভাগীয় অফিস সংখ্যা** | | | **জেলা অফিস সংখ্যা** | **জনবল** |
| ০৪ | | | ৪২ | ২,২৩৩ |
| **যোগাযোগের তথ্যাবলি** | **ঠিকানা** | ৮৯/২, কাকরাইল<br>ঢাকা-১০০০<br>www.bmet.org.bd<br>www.bangladesh.gov.bd | **ফোন নং** | +৮৮-০২-৯৩৫৭৮৭২ |
| | | | **ফ্যাক্স নং** | +৮৮-০২-৮৩১৯৯৪৮ |
| | | | **ই-মেইল** | dgbmet@bmet.org.bd |

## ১.২ জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো-পরিচিতি




১৯৭৬ সালে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো প্রতিষ্ঠা করা হয়। প্রতিষ্ঠালগ্ন হতে এ প্রতিষ্ঠানটি বৈদেশিক কর্মসংস্থান, প্রশিক্ষণ, দক্ষতা উন্নয়ন, কল্যাণমূলক সেবা প্রদানের মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়নে বিশেষ ভূমিকা পালন করে আসছে। বিএমইটির নিরলস প্রচেষ্টার কারণে এ পর্যন্ত বিশ্বের প্রায় ১৫৯টি দেশে প্রায় ৮৭ লক্ষ বাংলাদেশি কর্মীর কর্মসংস্থান হয়েছে এবং প্রবাসী কর্মীদের প্রেরিত রেমিটেন্সের পরিমাণ ৭ লক্ষ ৭২ হাজার ৬৯৯ শতকোটি টাকা (১৯৭৬ থেকে ২০১৩ পর্যন্ত)। প্রতিবছর প্রবাসী কর্মীদের প্রেরিত রেমিটেন্স বাংলাদেশের জাতীয় অর্থনীতিতে অন্যতম নিয়ামক ভূমিকা পালন করছে, যা মোট জিডিপির প্রায় ১৩ ভাগ এবং বৈদেশিক বিনিয়োগের ৫ গুণ। বিএমইটি ৪৭টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তুলছে এবং ৪২টি জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসের মাধ্যমে বিদেশগামী কর্মীদের রেজিস্ট্রেশন, বৈদেশিক কর্মসংস্থান এবং প্রবাসী ও প্রত্যাগত কর্মীদের কল্যাণমূলক কার্যক্রম পরিচালনা করে আসছে। রূপকল্প-২০২১ সামনে রেখে ইতোমধ্যে বিএমইটি কর্তৃক বিদেশগামী কর্মীদের কেন্দ্রীয়ভাবে ডাটাবেজ সংরক্ষণ, অনলাইন রেজিস্ট্রেশন, অন-লাইন অভিযোগ ব্যবস্থাপনাসহ ভুয়া ভিসায় বিদেশ গমন রোধ করতে প্রত্যেক বিদেশগামী কর্মীর ফিঙ্গার প্রিন্ট-সংবলিত স্মার্ট কার্ডের মাধ্যমে বহির্গমন ছাড়পত্র প্রদান করা হচ্ছে। কর্মসংস্থান এবং প্রবাসী ও প্রত্যাগত কর্মীদের কল্যাণমূলক কার্যক্রম পরিচালনা করে আসছে।

বাংলাদেশের জাতীয় অর্থনীতিতে অভিবাসন এবং অভিবাসী কর্মীদের প্রেরিত রেমিটেন্সের গুরুত্ব বিবেচনায় জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো স্বল্প ব্যয়ে অভিবাসনসহ সমগ্র অভিবাসন প্রক্রিয়াকে স্বচ্ছ, হয়রানিমুক্ত করার লক্ষ্যে এবং বিদেশে কর্মরত বাংলাদেশি কর্মীদের নিরাপদ কর্ম পরিবেশ এবং এর উন্নয়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

## ১.৩ জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো- অর্গানোগ্রাম (সংক্ষিপ্ত)



## ১.৪ জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো- কার্যপরিধি

- বৈদেশিক কর্মসংস্থান ও প্রবাসী বাংলাদেশিদের কল্যাণমূলক কার্যক্রম
- বিদেশগামী কর্মীদের কেন্দ্রীয় ডাটাবেজে নাম নিবন্ধন
- জিটুজি পদ্ধতিতে সরকারিভাবে মালয়েশিয়ায় কর্মী প্রেরণ
- বৈদেশিক কর্মসংস্থানের নিমিত্তে নতুন শ্রমবাজার অনুসন্ধান, শ্রমবাজার সংরক্ষণ ও সম্প্রসারণ
- বিদেশগামী কর্মীদের তথ্য ডাটাবেজে সংরক্ষণ ও ফিঙ্গার প্রিন্ট-সংবলিত স্মার্ট কার্ডের মাধ্যমে বহির্গমন ছাড়পত্র প্রদান
- দেশ ও বিদেশের ক্রমবর্ধমান চাহিদা অনুযায়ী বিভিন্ন কারিগরি ও বৃত্তিমূলক পেশায় দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণের ব্যবস্থা করা
- অনলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে বিদেশগামী ও প্রত্যাগত কর্মীদের প্রতারণা ও হয়রানি হতে মুক্তি ও ক্ষতিপূরণ আদায়ের ব্যবস্থা গ্রহণ
- রিক্রুটিং এজেন্সির কার্যক্রম নিয়ন্ত্রণ, লাইসেন্স প্রদান ও নবায়ন কার্যক্রম
- দেশের অভ্যন্তরে বিভিন্ন শিল্পকারখানায় দক্ষতা উন্নয়নের লক্ষ্যে শিক্ষানবিশ ও ইন-প্লান্ট প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন
- বিদেশে মৃত প্রবাসী কর্মীদের লাশ দেশে ফেরত আনাসহ বকেয়া ও ক্ষতিপূরণ আদায় এবং আর্থিক সহায়তা প্রদান
- বিভিন্ন দেশে আটকেপড়া বাংলাদেশি কর্মীদের দেশে ফেরত আনা
- বিমানবন্দরে বিদেশগামী কর্মীদের নিরাপদে বিদেশ গমন ও প্রত্যাগমনে সহায়তা প্রদান
- অসচ্ছল প্রবাসীদের সন্তানদের জন্য শিক্ষা-বৃত্তি প্রদান
- নিরাপদ অভিবাসনে সহায়তা প্রদানে জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন
- বিদেশ গমনেচ্ছু কর্মীদের তথ্য সহায়তা প্রদানে মোবাইল ফোনে 'প্রবাসী কর্মী সেবা' কার্যক্রম। (বাংলালিংক ২২৩৩)
- বিদেশগামী কর্মীদের অভিবাসন ব্যয় নির্বাহে প্রবাসী কল্যাণ ব্যাংকের মাধ্যমে ঋণ প্রদান
- বিদেশগামী কর্মীদের ভিসার সঠিকতা যাচাইকরণ
- বিদেশগামী কর্মীদের বিদেশ গমনের পূর্বে গন্তব্য দেশের আইন-কানুন, ভাষা ও সংস্কৃতি, খাদ্যাভ্যাস, সামাজিক বিষয়ে প্রি-ডিপার্চার ব্রিফিং প্রদান
- বিদেশস্থ বাংলাদেশ দূতাবাসসমূহের শ্রম উইংয়ের মাধ্যমে প্রবাসী ও অভিবাসী কর্মীদের সার্বিক সহায়তা ও কল্যাণমূলক কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন
- অভিবাসী আইন, অভিবাসীর অধিকার ও মর্যাদা সম্পর্কে প্রচার ও সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ ইত্যাদি।

## ১.৫ একনজরে বিভাগীয় অফিস

| | | |
|---|---|---|
| **নাম** | **বাংলা** | বিভাগীয় কর্মসংস্থান ও জনশক্তি অফিস |
| | **ইংরেজি** | Divisional Employment & Manpower Office |
| **অফিস সংখ্যা** | | ৪ |
| **অফিস প্রধানের পদবি** | | যুগ্ম-পরিচালক |
| **জনবল** | | ১০ জন |

## ১.৬ বিভাগীয় অফিসের অর্গানোগ্রাম



| ১.৭ একনজরে জেলা অফিস | | |
|---|---|---|
| **নাম** | **বাংলা** | জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস |
| | **ইংরেজি** | District Employment & Manpower Office |
| | **সংক্ষিপ্ত** | DEMO |
| **অফিস সংখ্যা** | | ৪২ |
| **অফিস প্রধানের পদবি** | | সহকারী পরিচালক |
| **জনবল** | | ১০ জন |

## ১.৮ জেলা অফিসের অর্গানোগ্রাম



# অধ্যায় ২

## নাগরিক সেবার তথ্যাবলি

- নাগরিক- সেবার তালিকা
- নাগরিক- সেবার তথ্য সারণি/Citizen Service Information Map (CSIM)

# ২. নাগরিক সেবার তথ্যাবলি

## ২.১ নাগরিক সেবার তালিকা (অধিদপ্তর/জেলা পর্যায়)

| সেবা ক্রমিক নং | সেবার নাম | সেবার পর্যায় (অধিদপ্তর/জেলা পর্যায়) |
|---|---|---|
| ১ | ফিঙ্গার প্রিন্ট-সংবলিত স্মার্ট কার্ডের মাধ্যমে বহির্গমন ছাড়পত্র প্রদান | অধিদপ্তর (বিএমইটি) |
| ২ | বিদেশগামী কর্মীদের কেন্দ্রীয় ডাটাবেজে নাম নিবন্ধন | জেলা/অধিদপ্তর (বিএমইটি) |
| ৩ | বিদেশগামী কর্মীদের প্রশিক্ষণের ব্যবস্থা করা | জেলা |
| ৪ | অনলাইনে অভিযোগ (www.ovijogbmet.org) গ্রহণ ও নিষ্পত্তি | অধিদপ্তর/জেলা |
| ৫ | বিদেশে মৃত প্রবাসী কর্মীদের লাশ দেশে ফেরত আনাসহ বকেয়া ও ক্ষতিপূরণ আদায় এবং আর্থিক সহায়তা প্রদান | অধিদপ্তর (বিএমইটি)/ জেলা |
| ৬ | প্রবাসীদের সন্তানদের জন্য শিক্ষা-বৃত্তি প্রদান | অধিদপ্তর/জেলা |
| ৭ | বিদেশগামী কর্মীদের অনলাইনে (www.bmet.gov.bd) নাম নিবন্ধন ও টেলিটক মোবাইলের মাধ্যমে ফি প্রদান | অধিদপ্তর/জেলা পর্যায়ে/দেশব্যাপী |
| ৮ | জিটুজি পদ্ধতিতে সরকারিভাবে মালয়েশিয়ায় কর্মী প্রেরণ | অধিদপ্তর/জেলা |
| ৯ | রিক্রুটিং এজেন্সির কার্যক্রম নিয়ন্ত্রণ, লাইসেন্স প্রদান ও নবায়ন কার্যক্রম | অধিদপ্তর |
| ১০ | বিদেশে আটকেপড়া বাংলাদেশি কর্মীদের দেশে ফেরত আনা | অধিদপ্তর/জেলা |
| ১১ | মোবাইল ফোনে ‘প্রবাসী কর্মী সেবা’ কার্যক্রম। (বাংলালিংক ২২৩৩) | দেশব্যাপী |
| ১২ | ওয়ান স্টপ সার্ভিস | অধিদপ্তর (বিএমইটি) |
| ১৩ | বৈদেশিক কর্মসংস্থান (রিক্রুটিং এজেন্সির মাধ্যমে বিদেশে কর্মী প্রেরণ) | অধিদপ্তর (বিএমইটি)/জেলা |
| ১৪ | বিদেশগামী কর্মীদের বিদেশ গমনের পূর্বে গন্তব্য দেশের আইন-কানুন, খাদ্যাভ্যাস, ভাষা, সামাজিক-সাংস্কৃতিক বিষয়াদি, ডিপার্চার ব্রিফিং প্রদান | অধিদপ্তর (বিএমইটি)/ জেলা |
| ১৫ | বিদেশগামী কর্মীদের ভিসার সঠিকতা যাচাইকরণ | অধিদপ্তর (বিএমইটি)/জেলা |
| ১৬ | বিদেশগামী কর্মীদের অভিবাসন ব্যয় নির্বাহে প্রবাসী কল্যাণ ব্যাংকের মাধ্যমে ঋণ প্রদান | অধিদপ্তর (বিএমইটি)/ জেলা |
| ১৭ | বিদেশস্থ বাংলাদেশ দূতাবাসসমূহের শ্রম উইংয়ের মাধ্যমে প্রবাসী ও অভিবাসী কর্মীদের সার্বিক সহায়তা ও কল্যাণমূলক কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন | দূতাবাস/অধিদপ্তর (বিএমইটি)/জেলা |
| ১৮ | অভিবাসী আইন, অভিবাসীর অধিকার ও মর্যাদা সম্বন্ধে প্রচার ও সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ | অধিদপ্তর (বিএমইটি)/জেলা |

## ২.২ নাগরিক সেবার তথ্য সারণি

| ক্রমিক নং | সেবা প্রদানকারী অফিসের নাম | সেবার নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে) | সেবাপ্রাপ্তির প্রয়োজনীয় সময় | প্রয়োজনীয় ফি/ট্যাক্স আনুষঙ্গিক খরচ | সংশ্লিষ্ট আইন/ বিধি/নীতিমালা | নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ | চ | ছ | জ | ঝ |
| ০১ | জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) | ফিঙ্গার প্রিন্ট-সংবলিত স্মার্ট কার্ডের মাধ্যমে বহির্গমন ছাড়পত্র প্রদান | ১. মহা-পরিচালক<br>২. পরিচালক (বহির্গমন)<br>৩. উপ-পরিচালক (বহির্গমন)<br>৪. সহকারী-পরিচালক (বহির্গমন)<br>৫. সংশ্লিষ্ট অন্যান্য | বিদেশগামী কর্মীদের কেন্দ্রীয় ডাটাবেজে নাম নিবন্ধনপূর্বক ফিঙ্গার প্রিন্ট এনরোলমেন্ট করা হয়। কর্মীদের গন্তব্য দেশের বিভিন্ন বিষয়ে ব্রিফিং প্রদান করা হয়। অতঃপর বহির্গমন ছাড়পত্রের জন্য কর্মীবৃন্দ আবেদন করেন। আবেদনপ্রাপ্তির পর কর্মীদের ভিসার সঠিকতা যাচাই, নিয়োগকর্তার সাথে সম্পাদিত চুক্তিপত্র, অঙ্গীকারনামা যাচাই শেষে বহির্গমন অনুমোদন করা হয় এবং স্মার্ট কার্ডের মাধ্যমে বহির্গমন ছাড়পত্র প্রদান করা হয়। | সর্বোচ্চ ৩ তিন দিন | ৩০৫০/- থেকে ৩৪৫০/-টাকা | ১. বহির্গমন বিধিমালা-২০০২<br>২. মানব পাচার নিরোধ আইন, ২০১২<br>৩. বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসন আইন, ২০১৩ | মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) |
| ০২ | জেলা কর্মসংস্থান অফিস (ডিএমও) | বিদেশগামী কর্মীদের কেন্দ্রীয় ডাটাবেজে নাম নিবন্ধন | ১. সহকারী পরিচালক<br>২. ডাটাবেজ নেটওয়ার্ক কর্মকর্তা<br>৩. সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তা/কর্মচারীবৃন্দ (ডিএমও) | বিজ্ঞপ্তির মাধ্যমে নিবন্ধনের বিষয়ে অবহিতকরণ করা হয়। আগ্রহী কর্মীবৃন্দ অন লাইনে আবেদন ফরম পূরণপূর্বক দাখিল করেন। বিদেশ গমনেচ্ছু কর্মীদের সঠিকভাবে নিবন্ধন করার পর ডাটাবেজে সংরক্ষণ করা হয়। সাথে সাথে নিবন্ধনকৃত কর্মীদের বৈদেশিক চাকরি সম্পর্কে তথ্য প্রদান করা হয়। | সর্বোচ্চ ৩ দিন | ১৫০-২৫০ টাকা | ১. বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসন আইন, ২০১৩<br>২. বহির্গমন বিধিমালা-২০০২<br>৩. মানব পাচার নিরোধ আইন, ২০১২<br>৪. বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ | মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) |
| ০৩ | জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো | বিদেশগামী কর্মীদের প্রশিক্ষণের ব্যবস্থা করা | ১. মহাপরিচালক<br>২. পরিচালক (প্রশিক্ষণ)<br>৩. উপ-পরিচালক (প্রশিক্ষণ)<br>৪. সহকারী পরিচালক (প্রশিক্ষণ) | বিদেশগামী নিবন্ধিত কর্মীদের প্রায় ৪৫টি বৃত্তিমূলক ট্রেডে স্বল্প ও মধ্যমেয়াদি প্রশিক্ষণ প্রদান করা হয়। ২ বছর মেয়াদি এসএসসি ভোকেশনাল কোর্স, ০৬ মাস মেয়াদি গার্মেন্টস ও কম্পিউটার কোর্স এবং ০৪ বছর মেয়াদি মেরিন ডিপ্লোমা কোর্স প্রশিক্ষণ প্রদান করা হয়। | ১. ৭ দিন থেকে ২১ দিন<br>২. ১ মাস থেকে ৬ মাস।<br>৩. ১ বছর থেকে ৪ বছর | ৩০০/- - ১৮,০০০/- টাকা | ১. বহির্গমন বিধিমালা, ২০০২<br>২. মানব পাচার নিরোধ আইন, ২০১২<br>৩. শিক্ষানবিশ অ্যাক্ট ১৯৬২<br>৪. বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ | মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) |

## ২.২ নাগরিক সেবার তথ্য সারণি

| ক্রমিক নং | সেবা প্রদানকারী অফিসের নাম | সেবার নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে) | সেবাপ্রাপ্তির প্রয়োজনীয় সময় | প্রয়োজনীয় ফি/ট্যাক্স আনুষঙ্গিক খরচ | সংশ্লিষ্ট আইন/ বিধি/নীতিমালা | নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ | চ | ছ | জ | ঝ |
| ০৪ | জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো | অনলাইন অভিযোগ (www.ovijogbmet.org) গ্রহণ ও নিষ্পত্তি | ১. মহাপরিচালক<br>২. পরিচালক (কর্মসংস্থান)<br>৩. উপ-পরিচালক (কর্মসংস্থান)<br>৪. সহকারী পরিচালক (কর্মসংস্থান)<br>৫. সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তা/কর্মচারীবৃন্দ | অনলাইনে বা সরাসরি ডিইএমও কিংবা বিএমইটিতে অভিযোগ দাখিল করতে হয়। অনলাইনে বা সরাসরি প্রাপ্ত অভিযোগ প্রাথমিক যাচাই শেষে অভিযোগ তদন্তে তদন্ত কমিটি গঠন এবং সেবাগ্রহীতাকে অবহিত করা হয়। তদন্ত বা অনধিক ০৩ (তিন) টি শুনানি শেষে অভিযোগ নিষ্পত্তি করা হয়। প্রতিষ্ঠিত অভিযোগের ক্ষেত্রে সেবাগ্রহীতাকে ক্ষতিপূরণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে। দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়। | সর্বোচ্চ ৩ মাস | বিনামূল্যে | ১. বহির্গমন বিধিমালা-২০০২<br>২. মানব পাচার নিরোধ আইন, ২০১২<br>৩. বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসন আইন, ২০১৩ | মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) |
| ০৫ | জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো | বিদেশে মৃত প্রবাসী কর্মীদের লাশ দেশে ফেরত আনাসহ বকেয়া ও ক্ষতিপূরণ আদায় এবং আর্থিক সহায়তা প্রদান | ১. মহাপরিচালক<br>২. পরিচালক (কল্যাণ)<br>৩. উপ-পরিচালক (কল্যাণ)<br>৪. সহকারী পরিচালক (কল্যাণ) | বিদেশে কর্মকর্তা অবস্থায় কোনো কর্মী মৃত্যুবরণ করলে সে দেশে বাংলাদেশি দূতাবাসের মাধ্যমে লাশ বাংলাদেশে প্রেরণের ব্যবস্থা করা হয়। সংশ্লিষ্ট নিয়োগকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে কর্মীর বকেয়া পাওনা এবং নিয়োগের চুক্তি/শর্ত অনুযায়ী ক্ষতিপূরণ আদায়ের উদ্যোগ গ্রহণ করা হয় এবং প্রাপ্য অর্থ মৃত কর্মীর অভিভাবকদের নিকট হস্তান্তর করা হয়। | ১. লাশ ফেরত আনার ক্ষেত্রে ৭-১০ দিন<br>২. ক্ষতিপূরণ আনার ক্ষেত্রে সর্বোচ্চ ৬ মাস | বিনামূল্যে | কল্যাণ বিধিমালা-২০০২ | মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) |
| ০৬ | ১. জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিএমও)<br>২. জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) সদর দপ্তর | প্রবাসীদের সন্তানদের জন্য শিক্ষা-বৃত্তি প্রদান | ১. মহাপরিচালক<br>২. পরিচালক (কল্যাণ)<br>৩. উপ-পরিচালক (কল্যাণ)<br>৪. সহকারী পরিচালক (ডিএমও) | বিজ্ঞপ্তি প্রচারের মাধ্যমে আবেদন আহ্বান করা হয়। প্রবাসী কর্মীদের সন্তান কর্তৃক সংশ্লিষ্ট জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসে শিক্ষাবৃত্তির আবেদন দাখিল করতে হয়। সংশ্লিষ্ট জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস আবেদন যাচাই-বাছাই শেষে বিএমইটিতে প্রেরণ করে থাকে। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্তৃক শিক্ষাবৃত্তির আবেদন অনুমোদন এবং আবেদনকারীদের অবহিত করা হয় এবং শিক্ষা বৃত্তির অর্থ প্রদান করা হয়। | সর্বোচ্চ ৩ মাস | বিনামূল্যে | ১. কল্যাণ বিধিমালা-২০০২<br>২. বহির্গমন অধ্যাদেশ-১৯৮২ ও বহির্গমন বিধিমালা-২০০২<br>৩. মানব পাচার নিরোধ আইন,২০১২<br>৪. বাংলাদেশ শ্রম আইন,২০০৬<br>৫. বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসন আইন,২০১৩ | মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) |

## ২.২ নাগরিক সেবার তথ্য সারণি

| ক্রমিক নং | সেবা প্রদানকারী অফিসের নাম | সেবার নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে) | সেবাপ্রাপ্তির প্রয়োজনীয় সময় | প্রয়োজনীয় ফি/ট্যাক্স আনুষঙ্গিক খরচ | সংশ্লিষ্ট আইন/ বিধি/নীতিমালা | নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ | চ | ছ | জ | ঝ |
| ০৭ | জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো | বিদেশগামী কর্মীদের অনলাইনে (www.bmet.gov.bd) নাম নিবন্ধন ও টেলিটক মোবাইলের মাধ্যমে ফি প্রদান | অনলাইন নিবন্ধন চালু আছে | বিদেশগামী কর্মীদের অনলাইনে আবেদন ফরম পূরণ করে দাখিল করতে হয়। কর্মীদের কেন্দ্রীয় ডাটাবেজে নাম নিবন্ধনপূর্বক নিবন্ধনপত্র প্রদান করা হয়। ওয়েবসাইটের মাধ্যমে যেকোনো বিদেশ গমনেচ্ছু কর্মী অনলাইনে আবেদন করতে পারেন। | সর্বোচ্চ ১ ঘণ্টা | ২০০/- | ১. বহির্গমন বিধিমালা-২০০২<br>২. মানব পাচার নিরোধ আইন- ২০১২<br>৩. বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসন আইন-২০১৩ | মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) |
| ০৮ | জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো | জিটুজি পদ্ধতিতে সরকারিভাবে মালয়েশিয়ায় কর্মী প্রেরণ | ১. মহাপরিচালক<br>২. সহকারী পরিচালক<br>৩. ডাটাবেজ করার সাথে সম্পৃক্ত কর্মকর্তা/ কর্মচারী | বিজ্ঞপ্তির মাধ্যমে নিবন্ধনের বিষয়ে অবহিতকরণ করা হয়। কর্মীবৃন্দ অনলাইনে আবেদন ফরম পূরণ ও দাখিল করেন। ইউনিয়ন, পৌরসভা, সিটি কর্পোরেশন ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্র এবং জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসের মাধ্যমে বিদেশগামী কর্মীদের কেন্দ্রীয় ডাটাবেজে নাম নিবন্ধন করা হয়। নিবন্ধিত কর্মীদের বাছাই করে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণ শেষে মালয়েশিয়ায় ফিঙ্গার ইমপ্রেশন, পাসপোর্ট ও ছবি-সংবলিত ডাটা প্রেরণ করা হয়ে থাকে। মালয়েশিয়া সরকার হতে ভিসা উইথ রেফারেন্স প্রাপ্তির পর কর্মীদের এসএমএস ও টেলিফোনের মাধ্যমে অবহিত করে পাসপোর্ট ও প্রয়োজনীয় ডকুমেন্ট সংগ্রহ করতে বলা হয়। মালয়েশিয়া দূতাবাস হতে ভিসা স্ট্যাম্পিং এবং বিএমইটি হতে স্মার্ট কার্ডের মাধ্যমে বহির্গমন ছাড়পত্র প্রদান করা হয়। মালয়েশিয়াগামী কর্মীদের এসএমএস ও টেলিফোনের মাধ্যমে ফ্লাইট সিডিউল অবহিত করা হয়। মালয়েশিয়াগামী কর্মীদের ব্রিফিং শেষে বিএমইটির অফিসারসহ মালয়েশিয়ায় পৌছানো নিশ্চিত করা হয়। | ১ -৬ মাস পর্যন্ত | জিটুজি পদ্ধতিতে মালয়েশিয়ায় কর্মী প্রেরণে অভিবাসন ব্যয় ২৮,৫০০-৩১,৫০০/- | ১. বহির্গমন বিধিমালা-২০০২<br>২. মানব পাচার নিরোধ আইন- ২০১২<br>৩. বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসন আইন-২০১৩ | মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) |

## ২.২ নাগরিক সেবার তথ্য সারণি

